অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/21/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো 2019 জাস্টিস অ্যাজেন্ডা নিষ্পাদনের কথা ঘোষণা করেছেন - ইদানিং কালের সর্বাধিক ফলপ্রসূ বিধানসভা অধিবেশন

ক্লাইমেট লিডারশীপ এবং কমিউনিটি প্রোটেকশনকে আইনে বিধিবদ্ধ করা হয়েছে, যা দেশের মধ্যে সর্বাধিক আগ্রাসী জলবায়ু পরিবর্তন কর্মসূচি

মধ্যবিত্ত শ্রেণীর উপর ওয়াশিংটনের লাঞ্ছনার বিরুদ্ধে রুখে দাঁড়ানো - সম্পত্তি করের স্তর 2% এ সীমিত করে সেই করের স্তর স্থায়ী করা, এবং মধ্যবিত্ত শ্রেণীর জন্য করের হার কমানো

গে এবং ট্রান্সপ্যানিক ডিফেন্স দূরীকরণ, GENDA প্রণয়ণ এবং লিঙ্গ রূপান্তরের চিকিত্সাপ্রণালী নিষিদ্ধ করা সহ LGBTQ কমিউনিটির জন্য বহু আকাঙ্খিত জয়

খামারকর্মীদের ট্রেড ইউনিয়নের আওতায় আনার আইন, একটি বিশ্রামের দিন এবং ওভারটাইম পে মঞ্জুর করে, তাদের অধিকার আইন সংস্থাপন

কর্মক্ষেত্রে যৌন নির্যাতন থেকে আরও সুরক্ষা প্রদান এবং ধর্ষণের জন্য আইনের পরিসর আরও সম্প্রসারণ করা সহ রো ভি. ওয়াডে (Roe v. Wade) কে স্টেটের আইনে বিধিবদ্ধ করা এবং কর্মস্থলে নারির নিরাপত্তা বৃদ্ধি

দেশের মধ্যে অগ্রণী সংখ্যালঘু এবং নারির মালিকানাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠান (Minority and Women-Owned Business Enterprises, MWBE) কর্মসূচির পুনরায় অনুমোদন এবং সম্প্রসারণ

মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) পরিচালনার রূপান্তরমূলক সংস্কারকে অন্তর্ভুক্ত করা এবং গুরুত্বপূর্ণ উন্নয়নগুলিতে অর্থ সরবরাহ

ত্রিমুখী গণতান্ত্রিক অ্যাজেন্ডার স্বচ্ছ এবং ন্যায্য নির্বাচন সুনিশ্চিত করা

বিপজ্জনক লোকেদের হাতে যাতে বন্দুক না পৌঁছাতে পারে তার জন্য আরও ভালো নিরাপত্তা সহ দেশের মধ্যে কঠোরতম বন্দুক সংস্কার আইনকে আরও শক্তিশালী করে তোলা

শিশু নির্যাতন আইন অনুযায়ী শৈশবে যৌন নির্যাতনের শিকারদের দীর্ঘ-প্রতিক্ষীত সুবিচার প্রদান

ডিসেম্বর মাসে প্রথম শুরু হওয়া তার 2019 সালের জাস্টিস অ্যাজেন্ডা সম্পর্কে বলতে গিয়ে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ এই বছরের বিধাসভা অধিবেশনের সময় ঐতিহাসিক প্রগতীশীল কার্য সম্পাদনের কথা ঘোষণা করেছেন – এই বছরের বিধানসভা অধিবেশনকে ইদানিং কালের সর্বাধিক ফলপ্রসূ অধিবেশন বলা হচ্ছে।

এই সুদূরপ্রসারী সংস্কারগুলি সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সামাজিক এবং অর্থনৈতিক সুবিচার সুনিশ্চিত করবে, জলবায়ু পরিবর্তনের ধ্বংসাত্মক প্রভাব হ্রাস করবে, শ্রমিকদের অধিকারের জন্য নিউ ইয়র্কের নিতন্তর দায়বদ্ধতাকে সমর্থন করবে, সমগ্র স্টেটে পরিবহন ব্যবস্থার আধুনিকীকরণ করবে, লিঙ্গ সমতা এবং LGBTQ অধিকারগুলিতে এম্পায়ার স্টেটের দেশকে পথ দেখানো অঙ্গীকারবদ্ধতাগুলি উন্নত করবে। পরপর নয় বছর ধরে ব্যয় বৃদ্ধি 2 শতাংশে ধরে রাখা, একটি স্থায়ী সম্পত্তি করের স্তর কার্যকর করা এবং মধ্যবিত্ত শ্রেণীর জন্য কর হ্রাস করা সহ এই সবগুলিই আর্থিকভাবে দায়িত্বপ্রাপ্ত নীতিগুলি কার্যকর করার সময়েই করা হয়েছে।

"ছয় মাস আগে আমরা আমাদের 2019 জাস্টিস অ্যাজেন্ডা শুরু করেছিলাম – নিউ ইয়র্কের উন্নয়নের জন্য একটি আগ্রাসী পরিকল্পনা – এবং আজ আমি গর্বের সাথে বলছি আমরা সেগুলি সম্পাদন করেছি", **গভর্নর কুওমো বলেন।** "দিনের শেষে, শুধুমাত্র যে বিষয়টি বিচার্য সেটি হল আমরা কী করলাম, এবং এটি ছিল ইদানিং কালের সর্বাধিক প্রগতীশীল ফলপ্রসূ বিধানসভা অধিবেশন। ফলাফল অভূতপূর্ব, এবং আমরা আমাদের দুটি মূল বিষয় বজায় রাখতে সক্ষম হয়েছি – আর্থিক দায়িত্ব এবং একটি নজিরবিহীন এবং দেশের মধ্যে সর্বাধিক বেশি হারে সামাজিক অগ্রগতির সাথে জোড় বেধে অর্থনৈতিক উন্নয়ন।"

ক্লাইমেট লিডারশীপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট (Climate Leadership and Community Protection Act): দেশের মধ্যে সর্বাধিক অগ্রগণ্য জলবায়ু পরিবর্তন কর্মসূচি গঠন করে এই আইন ক্লাইমেট লিডারশীপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টকে কার্যকর করে। এর লক্ষ্য: 2040 সালের মধ্যে ইলেকট্রিসিটি সেক্টরে শূণ্য কার্বন নিষ্ক্রমণে পৌঁছানো; 2035 সালের মধ্যে সমুদ্রতীরাতিক্রান্ত বাতাসের 9 GW স্থাপন; 2025 সাল নাগাদ সৌরের 6GW; 2030 নাগাদ 3 GW শক্তি মজুতকরণ; এবং অনগ্রসর কমিউনিটিগুলির সুবিধার জন্য স্টেটের সংস্থাগুলিকে পরিচ্ছন্ন শক্তি এবং শক্তি দক্ষ সম্পদগুলিতে 40 শতাংশ বিনিয়োগের লক্ষ্যে কাজ করতে নির্দেশ দেওয়া। উপরন্তু, 2050 সালের মধ্যে স্টেট কিভাবে গ্রীনহাউস গ্যাসের নিষ্ক্রমণের স্তর 1990 সালের স্তরের থেকে 85% কমিয়ে আনতে পারবে, এবং এর ফলে শিল্পের সমস্ত সেক্টরে নেট নিষ্ক্রমণ শূণ্য করতে পারবে তার জন্য একটি পরিকল্পনা তৈরি করতে আইনটি স্টেটের বিভিন্ন সংস্থার নেতা এবং কর্তৃপক্ষ সেইসাথে বিধানসভার সদস্যদের নিয়ে ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল গঠন করেছে।

স্থায়ী সম্পত্তি করের স্তর: সম্পত্তি করের স্তর 2% এ স্থায়ী করা, যা 2012 সালে কার্যকর হওয়ার পর থেকে করদাতাদের প্রায় 25 বিলিয়ন ডলার সাশ্রয় করেছে।

MTA কে অর্থ সরবরাহ এবং ব্যবস্থাপনা: সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে টোল ট্যাক্স, অট্টালিকার উপরে লাগু করা একটি নতুন উন্নত ট্যাক্স, এবং ইন্টারনেট ট্যাক্স সুবিধা অপসারণ করার মাধ্যমে সংগৃহীত অর্থের মাধ্যমে MTA কে প্রায় 25 বিলিয়ন ডলার অর্থ সরবরাহ। একটি পুনর্গঠন পরিকল্পনা গঠন,

নিয়োগকারী কর্তৃপক্ষের সাথে সংগতি রেখে MTA বোর্ডের নিযুক্তিগুলি পরিমার্জিত করা, MTA তে একটি স্বতন্ত্র ফরেন্সিক অডিট এবং দক্ষতা পর্যালোচনা আবশ্যিক করা, এবং মুখ্য প্রকল্পগুলি পর্যালোচনা করতে বাইরের বিশেষজ্ঞদের নিয়ে একটি মুখ্য নির্মাণ পর্যালোচনা ইউনিট গঠনের আহ্বান জানানো সহ বহুদিন ধরে বাকি থাকা MTA সংস্কারগুলি বাস্তবায়িত করা।

LGBTQ অধিকারগুলির অগ্রগতি: গে এবং ট্রান্সপ্যানিক ডিফেন্স তুলে দেওয়া—অন্য কাউকে তার লিঙ্গ পরিচয়, বা যৌন প্রবৃত্তির উপর ভিত্তি করে আক্রমণের পরে গে এবং ট্রান্সপ্যানিক ডিফেন্সকে ব্যবহার করার সুবিধা করে দেওয়া স্টেটের আইনের দুর্বলতা দূর করা সহ LGBTQ অধিকারগুলির সমর্থনে গভর্নর কুওমো রূপান্তরশীল আইন প্রণয়ণ করছেন। গভর্নর, জেন্ডার এক্সপ্রেশন নন-ডিসক্রিমিনেশন অ্যাক্ট (Gender Expression Non-Discrimination Act, GENDA) এবং LGBTQ লিঙ্গ পরিবর্তন করার চিকিত্সাপ্রণালীর উপর একটি নিষেধাজ্ঞাকেও আইনে পরিণত করেছেন।

খামারকর্মীদের অধিকার আইন সংস্থাপন: এই আইন ওভারটাইম পে, একটি বিশ্রামের দিন এবং ট্রেড ইউনিয়নের আওতায় আনার অধিকার মঞ্জুর করে একটি খামারকর্মীদের অধিকার আইন সংস্থাপন করেছে।

যৌন হয়রানির ক্ষেত্রে অতিরিক্ত সুরক্ষা কার্যকর করা: এই সংস্কারগুলি যৌন হয়রানির ক্ষেত্রে নিউ ইয়র্ক মানবাধিকার আইনের (New York Human Rights Law) আওতায় কর্মীদের তাদের নিয়োগকর্তাকে দায়ী করার জন্য নির্ধারিত উচ্চ সীমাটি কমিয়ে দেওয়া হোক, এই সংশোধনের মাধ্যমে মামলাযোগ্য আচরণ গঠিত হওয়ার জন্য আচরণটিকে "মারাত্মক বা ব্যাপক" হতে হবে না; কর্মক্ষেত্রে যৌন নির্যাতনের জন্য মানবাধিকার বিভাগের কাছে দাবি দাখিল করার সময়সীমা এক বছর থেকে বাড়িয়ে তিন বছর করেছে; এবং নিয়োগের চুক্তির সমস্ত অপ্রকাশনীয় চুক্তি, কর্মচারিরা তাও স্থানীয়, স্টেট, এবং যুক্তরাষ্ট্রীয় বৈষম্য প্রতিরোধী সংস্থাগুলির দ্বারা সম্পাদিত সরকারি তদন্তে অংশগ্রহণ করতে পারবে এরকম স্বীকারোক্তির ভাষাকে অন্তর্ভুক্ত করাকে আবশ্যিক করে অভিযোগ দায়ের করার অধিকারগুলিকে সুরক্ষিত করেছে।

ধর্ষণের ক্ষেত্রে আইনের সীমাবদ্ধতা অপসারণ: যদি তারা দায়িত্ব নিতে চায় তবে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কতদূর অবধি এগিয়ে যেতে সক্ষম সেই সম্পর্কে ধর্ষণের মামলার বিধিবদ্ধ সীমাবদ্ধতাগুলি একটি টিকটিক করা ঘড়ি চাপিয়ে দেয়। গত বছর জুড়ে, যারা কয়েক দশক ধরে নীরবভাবে নির্যাতনের শিকার হয়েছেন তারা সাহসীভাবে তাদের নির্যাতনের কথা বলেছেন, এবং সময়ের ব্যবধানের জন্য তাদের নির্যাতনকারীদের বিরুদ্ধে আদালতে অভিযুক্ত করার ক্ষেত্রে রাষ্ট্রের সীমিত ক্ষমতাকে নগ্নভাবে প্রকাশ করে দিয়েছেন। এই সত্যের স্বীকৃতিস্বরূপ, দেশ জুড়ে যৌন হিংসাজনিত অপরাধের উপর সীমাবদ্ধতার বিধিনিষেধগুলি বর্ধিত বা নির্মূল করা হয়। এই আইন ধর্ষণের জন্য আইনি সীমাবদ্ধতা দ্বিতীয় এবং তৃতীয় ডিগ্রীতে সম্প্রসারিত করে, এবং ঘটনার শিকার ব্যক্তিকে সুবিচার পাওয়ার সুযোগ আরও বাড়িয়ে তুলে এই অপরাধগুলি সম্পর্কিত দাবিগুলির জন্য দেওয়ানী আইনের সীমাবদ্ধতা অপসারণ করে।

লিঙ্গ ভিত্তিক পারিশ্রমিকের বৈষম্য দূরীকরণ: দায়িত্ব নেওয়ার পর, গভর্নর কুওমো নিউ ইয়র্কে কর্মস্থলে নারিদের নিরাপত্তা বৃদ্ধি এবং লিঙ্গ ভিত্তিক পারিশ্রমিকের বৈষম্য দূর করার জন্য কঠোর

পদক্ষেপ নিয়েছেন। এই সংস্কারগুলি আপাতভাবে একই রকম কাজের জন্য একটি সুরক্ষিত শ্রেণীতে থাকার জন্য অসমান পারিশ্রমিক প্রদান করা বন্ধ করতে এবং কর্মচারির লিঙ্গ, জাত বা অন্যান্য সুরক্ষিত শ্রেণীভুক্ত হওয়ার জন্য কম পারিশ্রমিক প্রদান করার চেষ্টা করার ফাঁকগুলি বন্ধ করতে "একই রকম কাজের জন একই রকম পারিশ্রমিক (equal pay for equal work)" এর সংজ্ঞার পরিসরকে সম্প্রসারিত করতে আইনকে অন্তর্ভুক্ত করে; সেইসাথে একটি পূর্বের বেতন অনুযায়ী বেতন নির্ধারণে নিষেধাজ্ঞা, যেটি প্রার্থী বা কর্মচারির পারিশ্রমিক নির্ধারণের সময় আগে কত পারিশ্রমিক ছিল তা জিজ্ঞাসা করা বা তার উপর নির্ভর করে পারিশ্রমিক নির্ধারণ করতে নিয়োগকারীর উপর নিষেধাজ্ঞা আরোপ করে।

সংখ্যালঘু এবং নারির মালিকানাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠান (Minority and Women-Owned Business Enterprises, MWBE) কর্মসূচির পুনরায় অনুমোদন এবং সম্প্রসারণ: সমগ্র দেশের মধ্যে MWBE অংশগ্রহণের জন্য উচ্চ লক্ষ্যমাত্রা স্থির করে এবং সংখ্যালঘু-মালিকানাধীন এবং নারিদের—া লিকানাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিরকে স্টেটের সহস্রাধিক বরাত দেওয়ার জন্য শুরুর থেকেই সংখ্যালঘু এবং নারির মালিকানাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠান কর্মসূচি অত্যন্ত সফল। এই আইন MWBE কর্মসূচিটিকে পুনরায় অনুমোদন করে এবং এই কার্যকর কর্মসূচিটি যাতে চলতে থাকে তা নিশ্চিত করতে স্টেটের কন্ট্র্যাক্টগুলিতে MWBE গুলির অংশগ্রহণ সম্পর্কিত আইনের বিধানগুলি সম্প্রসারিত করে।

ভাড়াটিয়ার সুরক্ষা: 2019 সালের বাসস্থানের স্থায়ীত্ব এবং ভাড়াটিয়া সুরক্ষা আইন (Housing Stability and Tenant Protection act) নামে পরিচিত এই সংস্কারগুলি, লক্ষাধিক নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী বাসস্থাম সুরক্ষিত করে স্টেটের ইতিহাসে সর্বাধিক সুদূরপ্রসারী, আগ্রাসী ভাড়াটিয়া সুরক্ষাগুলিকে আইনে পরিণিত করেছে।

টীকাগুলির জন্য চিকিত্সা সম্পর্কিত নয় এমন ছাড়গুলি অপসারণ: মার্কিন যুক্তরাষ্ট্র বর্তমানে 25 বছরেরও বেশি সময় ধরে হামের সবচেয়ে খারাপ প্রাদুর্ভাবের সম্মুখীন হচ্ছে, নিউ ইয়র্কের অভ্যন্তরে এই প্রাদুর্ভাব প্রাথমিকভাবে সংকট চালাচ্ছে। চিকিৎসা বহির্ভুত টিকাদানে অব্যাহতির ফলে, সমগ্র নিউ ইয়র্কের বহু কমিউনিটিতে অপ্রত্যাশিতভাবে টিকাদানের হার কম এবং টিকা না দেওয়া শিশুগুলো প্রায় স্কুলে পড়তে যায় যেখানে তারা অন্যান্য টিকা না দেওয়া শিক্ষার্থীদের মধ্যে রোগ ছড়িয়ে দিতে পারে। এই নতুন আইন বাচ্চাদের জন্য স্কুলের টিকাকরণের আবশ্যিকতাগুলি থেকে চিকিত্সা সম্পর্কিত নয় এমন ছাড়গুলি অপসারণ করবে এবং এই চলতে থাকা প্রাদুর্ভাব থেকে জনগণকে সুরক্ষিত রাখতে সহায়তা করবে।

উন্নতমানের শিক্ষা নিশ্চিত করা: স্কুলে অর্থ সাহায্য 1 বিলিয়ন ডলারেরও বেশি বৃদ্ধি পেয়েছে, যা মোড স্কুল সহায়তাকে 27.9 বিলিয়ন ডলারের একটি রেকর্ড সংখ্যায় নিয়ে গেছে। উপরন্তু, একটি আরও স্বচ্ছ, ন্যায়সঙ্গত শিক্ষা ব্যবস্থাকে অগ্রসর করতে নতুন রিপোর্ট করার আবশ্যিকতা স্বতন্ত্র্য স্কুল স্তরে অর্থ সরবরাহকে অগ্রাধিকার দিয়ে সংস্থান বন্টনের অসংগতি দূরীভূত করবে।

Jose R. Peralta DREAM (Development, Relief, and Education for Alien Minors) Act (জোস আর. পেরাল্টা ড্রিম আইন) কে রূপদান: শিক্ষা সহায়তা কর্মসূচি এবং এক্সেলসিয়র (Excelsior)

এর মতো স্টেট পরিচালিত স্কলারশিপের সুবিধা সহ, অনথীভুক্ত নিউ ইয়র্ক শিক্ষার্থীদের তাদের সহপাঠী নাগরিকদের মতো সমান সুযোগ দিয়ে অবশেষে সহস্রাধিক নিউ ইয়র্কবাসীদের উচ্চ শিক্ষার সুযোগ করে দিয়েছে।

এক্সেলসিয়র বৃত্তির বিনামূল্যের শিক্ষা কর্মসূচির (Excelsior Scholarship Free Tuition Program) জন্য যোগ্যতা সম্প্রসারণ: স্টেটের সফল বিনামূল্যের শিক্ষা কর্মসূচি যেহেতু তার তৃতীয় বছরে পদার্পণ করল, 55 শতাংশের বেশি পূর্ণ সময়ের, স্টেট-মধ্যস্থ স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (CUNY) শিক্ষার্থীদের—বা 210,000 এরও বেশি নিউ ইয়র্কের অধিবাসীদের শিক্ষা সহায়তা কর্মসূচির (Tuition Assistance Program, TAP) সাহায্যের সাথে সমন্বিত করা হলে বিনামূল্যে শিক্ষার কলেজে অংশগ্রহণ করার সুযোগ করে দিয়ে বছরে 125,000 ডলার পর্যন্ত আয়যুক্ত পরিবারের শিক্ষার্থীদের কর্মসূচিটিতে এখন আবেদন করার যোগ্য করে তুলবে।

ফৌজদারি বিচারব্যবস্থার সংস্কার: একটি দ্রুত মীমাংসার অধিকার, এবং দোষী সাব্যস্ত করার প্রক্রিয়া রূপান্তর করা নিশ্চিত করে সামান্য অপরাধ এবং অহিংস অপরাধগুলির জন্য নগদ জামিন বন্ধ করে দিয়ে ফৌজদারি বিচারব্যবস্থার ব্যাপক সংস্কার করা হয়েছে।

পরিকাঠামোতে অব্যাহত বিনিয়োগ: আগামী পাঁচ বছরে পরিকাঠামো প্রকল্পে গভর্নর কুওমোর 150 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার নজিরহীন একটি প্রতিশ্রুতির উপর ভিত্তি করে গঠিত।

গেটওয়ে টানেল প্রকল্পে অর্পণ করা: এই আইন গেটওয়ে ডেভেলপমেন্ট কমিশন (Gateway Development Commission) গঠন করে এবং এই প্রকল্পটির জন্য একটি ব্যাপক রেল বিনিয়োগ কর্মসূচি তৈরি করে। নিউ জার্সির সহায়তায় এই দ্বী-স্টেটীয় প্রচেষ্টা, পরিকাঠামোয় একজন বিশ্বব্যাপী নেতা হিসাবে আমাদের ভূমিকা পুনরুদ্ধার করার সাথে সাথে আমাদের দেশের অর্থনীতি এবং নিরাপত্তার জন্য একটি গুরুত্বপূর্ণ প্রকল্পে অর্থবহ অগ্রগতি উপস্থাপিত করে।

পরিবেশ সংরক্ষণ: গ্রীন নিউ ডিলের (Green New Deal) সূচনা—দেশের মধ্যে সর্বাধিক আগ্রাসী পরিবেশ সংরক্ষণ প্রকল্প, একক-ব্যবহারের প্লাস্টিক ব্যাগের উপর নিষেধাজ্ঞা, খাদ্যের উচ্ছিষ্ট পুনর্ব্যবহার কর্মসূচির সূচনা এবং স্টেটের ঐতিহাসিক বিনিয়োগ বাড়িয়ে 3 বিলিয়ন ডলার করার জন্য পরিষ্কার জলের পরিকাঠামোতে অতিরিক্ত 500 মিলিয়ন ডলার বিনিয়োগ, এসবই পরিবেশের পক্ষে বিপদের সর্বাধিক সম্ভাবনাযুক্ত কিছু বিষয়ের সাথে লড়াই করার সাথে সাথে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার কাজ করে।

নিউ ইয়র্কবাসীদের সুস্থ রাখা: সাশ্রয়ী পরিচর্যা আইনকে (Affordable Care Act) আইনের ধারার অন্তর্ভুক্ত করে, নিউ ইয়র্কবাসীরা নিশ্চিন্ত যে ওয়াশিংটন যা পদক্ষেপই নিক না কেন তাদের স্বাস্থ্যের জন্য যা প্রয়োজন তা আওতাভুক্ত করা হবে।

কর্মচারিদের অধিকারগুলিকে সমর্থন: সমস্ত স্থানীয় প্রশাসনের মধ্যে সম্প্রসারিত জানুস (Janus) সুরক্ষা এবং সংগঠিত হওয়ার এবং সম্মিলিতভাবে দর কষাকষি করার অধিকারের নিশ্চয়তা প্রদান।

গণতান্ত্রিক অ্যাজেন্ডার উন্নয়ন: নিউ ইয়র্কের নির্বাচনে অংশগ্রহণে অনুপ্রাণিত করতে এবং নিউ ইয়র্কের নির্বাচনগুলি যাতে ন্যায্য এবং স্বচ্ছ থাকে তা নিশ্চিত করতে, এই বছর নিম্নলিখিত উদ্যোগগুলি এই বছর কার্যকর করা হয়েছে: যুক্তরাষ্ট্রীয় এবং স্টেটের নির্বাচনগুলির সময়ের মধ্যে সামঞ্জস্য বিধান করা, নাবালকদের আগে থেকে নিবন্ধন করে রাখা, নির্বাচনের দিনের আগে ভোট দেওয়া, নিবন্ধনের সার্বজনীন হস্থান্তর, এবং নো-এক্সিউস অ্যাবসেন্টি ভোটিং, এবং এক-দিনের মধ্যে নিবন্ধনের অগ্রগতি।

কমন সেন্স গান রিফর্ম: সেফ আইন (Secure Ammunition and Firearms Enforcement, SAFE Act)—দেশের মধ্যে কঠোরতম বন্দুক নিয়ন্ত্রণ আইনের উপর ভিত্তি করে গঠিত—বন্দুক যাতে অনুপযুক্ত হাতে না পড়ে তা নিশ্চিত করতে এই বছর অতিরিক্ত ব্যবস্থা কার্যকর করা হয়েছে, যার মধ্যে আছে রেড ফ্ল্যাগ বিল (Red Flag Bill), বাম্প স্টকগুলির উপর নিষেধাজ্ঞা, এবং ব্যাকগ্রাউন্ড পরীক্ষার অপেক্ষমান সময়ের সম্প্রসারণ।

নির্যাতিত শিশু আইন (Child Victims Act) পাশ করা: এই বিলটি নিউ ইয়র্কের বহু প্রতিক্ষীত আইনগুলি সংশোধন করে যৌন নিগ্রহের শিকার শিশুদের প্রয়োজনীয় পরিত্রাণ প্রদান করবে যাতে যৌন নির্যাতনের অপরাধটি যখনই সংঘটিত হোক না কেন সেই অপরাধ সংঘটনকারীদের তাদের কাজের জন্য শাস্তিযোগ্য করা নিশ্চিত করা যায়।

LLC লুপহোল বন্ধ করা: LLC-এর দ্বারা রাজনৈতিক খরচ বার্ষিক মোট 5,000 মার্কিন ডলারে সীমাবদ্ধ করে LLC লুপহোলটি বন্ধ করবে, যেই সীমাটি কর্পোরেশনগুলির সীমার সমান। নতুন আইন অনুযায়ী LLC তে একটি অবদান রাখার প্রত্যক্ষ ও পরোক্ষ সদস্য হওয়ার স্বার্থও প্রকাশ করতে হবে, এবং সেই অবদান ওই ব্যক্তির উপর আরোপিত হতে হবে।

2019 সালের উইমেন'স জাস্টিস অ্যাজেন্ডার নিষ্পাদন: প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য আইন (Reproductive Health Act), গর্ভনিরোধক আইনের ব্যাপক আওতাভুক্তি (Comprehensive Coverage Contraceptive Act), এবং গার্হ্যস্থ সহিংসতা থেকে পরিত্রান পাওয়া ব্যক্তিদের জন্য সুবিচার আইন (Domestic Violence Survivors Justice Act), সেইসাথে অশ্লীল ছবি প্রকাশের (revenge porn) উপর নিষেধাজ্ঞা, এবং কর্মক্ষেত্রে স্তন্যপান করানোর নিরাপত্তা শক্তিশালী করার সাথে সাথে, গভর্নর কুওমো সমগ্র নিউ ইয়র্ক স্টেটের নারিদের জন্য ন্যায্যতা ও সাম্য নিশ্চিত করতে তার অঙ্গীকারবদ্ধতা অব্যাহত রেখেছেন।

এই বছরের মূলধনী বিনিয়োগগুলির মধ্যে আছে:

- **চরম শৈত্য থেকে পরিত্রান পাওয়ার জন্য পূর্ণ অর্থ সরবরাহ:** চরম শৈত্য থেকে পরিত্রান পাওয়ার কর্মসূচির (Extreme WINTER Recovery program) জন্য স্টেট দ্বারা 65 মিলিয়ন ডলার অর্থ সাহায্য নিউ ইয়র্ক স্টেটের তীব্র শীতল আবহাওয়ার দ্বারা ক্ষতিগ্রস্ত স্থানীয় হাইওওয়ে এবং রাস্তাগুলির সংস্কার এবং পুনর্নির্মাণের জন্য স্থানীয় প্রশাসনকে বর্ধিত সহায়তা প্রদান। চিপস এবং মার্চিসেলি কর্মসূচির (CHIPS

and Marchiselli programs) মাধ্যমে 478 মিলিয়ন ডলার, এবং পেভ-নিউ ইয়র্ক ও ব্রিজ নিউ ইয়র্কের (PAVE-NY and Bridge NY) জন্য 200 মিলিয়ন ডলার স্টেট ফান্ডিংয় ছাড়াও স্থানীয় রাস্তা এবং ব্রিজের জন্য এই নজিরবিহীন পরিকাঠামো সংক্রান্ত বিনিয়োগ।

- **সরকারি আবাসনে 120 মিলিয়ন ডলার বিনিয়োগ:** নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষে (New York City Housing Authority) স্টেটের নজিরবিহীন 550 মিলিয়ন ডলার বিনিয়োগের উপর গঠিত, গভর্নর এবং আইন-পরিষদ তাদের নিরন্তর উন্নয়নে সহায়তা করতে মূলধনী তহবিলে আরও 100 মিলিয়ন ডলার প্রদান করছে সেইসাথে নিউ ইয়র্কের বাইরে আবাসন কর্তৃপক্ষ এবং অন্যান্য আবাসনকে সহায়তা করতে 20 মিলিয়ন ডলার প্রদান করছে।
- **লেক অন্টারিওর পুনরুজ্জীবন এবং অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পের জন্য 100 মিলিয়ন ডলার:** লেক অন্টারিওর বন্যায় ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলিকে স্টেটের 300 মিলিয়ন ডলার পর্যন্ত সহায়তা করার অঙ্গীকারবদ্ধতায় গভর্নর এবং আইন পরিষদ মূলধনী তহবিলে 100 মিলিয়ন ডলার প্রদান করছেন। গত মাসে শুরু হওয়া, পুনরুজ্জীবন এবং অর্থনৈতিক উন্নয়ন প্রকল্প কমিশন (Resiliency and Economic Development Initiative, REDI Commission) বন্যার কারণে পরিকাঠামোয় ক্ষতি হওয়ার আশঙ্কা হ্রাস করার পাশাপাশি অঞ্চলের স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে এমন প্রকল্পগুলি সনাক্ত এবং সহায়তা করতে সমুদ্র উপকূলবর্তী অঞ্চলগুলির সাথে কাজ করছে।
- **নায়াগ্রা সীমান্ত পরিবহন কর্তৃপক্ষের (Niagara Frontier Transportation Authority) জন্য 20 মিলিয়ন ডলার:** মেট্রো রেলের রক্ষণাবেক্ষণ এবং উন্নয়নের জন্য একটি পঞ্চ-বার্ষিকী মূলধনী পরিকল্পনায় অর্থ সাহায্য করতে NFTA কে একটি পঞ্চ-বার্ষিকী 100 মিলিয়ন ডলারের প্রতিশ্রুতির প্রথম বছরকে সহায়তা করতে গভর্নর এবং আইন পরিষদের থেকে একটি 20 মিলিয়ন ডলারের মূলধনী তহবিল প্রদান করা হয়েছে।
- **পেন স্টেশন 33rd স্ট্রিট প্রবেশপথ:** পেন স্টেশন 33rd স্ট্রিট প্রবেশপথ, এবং লং আইল্যান্ড রেলপথের (Long Island Railroad, LIRR) উন্নয়নের সাথে সম্পর্কিত অন্যান্য প্রকল্পগুলিকে সহায়তা করতে মূলধনী তহবিলে 425 মিলিয়ন ডলার প্রদান করা হয়েছে। গত মাসে, গভর্নর 33rd স্ট্রিট এবং 7th অ্যাভিনিউতে অবস্থিত পেন স্টেশনের নতুন মুখ্য প্রবেশপথের চূড়ান্ত নক্সার তরজমা প্রকাশ করেছেন, যা LIRR এর প্রধান কেন্দ্র এবং নিউ ইয়র্ক সিটি সাবওয়েতে অত্যন্ত প্রয়োজনীয় সরাসরি অ্যাক্সেস প্রদান করবে।
- **সার্বজনীন লাইব্রেরীগুলিতে 20 মিলিয়ন ডলার বিনিয়োগ:** নিউ ইয়র্ক স্টেটের লাইব্রেরীগুলি যখন 21 শতকের কমিউনিটি কেন্দ্রে রূপান্তরিত হচ্ছে তখন সার্বজনীন লাইব্রেরীগুলিতে 20 মিলিয়ন ডলারের একটি মূলধনী বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটের সমগ্র লাইব্রেরীগুলিকে সহায়তা করবে।
- **হায়ার এডুকেশন ক্যাপিটাল ম্যাচিং গ্র্যান্ট প্রোগ্রামের জন্য 30 মিলিয়ন ডলার:** একটি 30 মিলিয়নের মূলধনী বরাদ্দ হায়ার এডুকেশন ক্যাপিটাল ম্যাচিং গ্র্যান্ট প্রোগ্রামকে (Higher Education Capital Matching Grant Program) সহায়তা করবে যা গভর্নরের নেতৃত্বে সমগ্র স্টেটের স্বতন্ত্র্য কলেজগুলিকে প্রয়োজনীয় মূলধনী

অনুদান প্রদান করার মাধ্যমে তাদের পরিকাঠামো এবং সাজসরঞ্জামে গুরুত্বপূর্ণ বিনিয়োগ করতে সক্ষম করে তুলবে।

- **হেট ক্রাইম থেকে রক্ষা করতে নিরাপত্তা খাতে 25 মিলিয়ন ডলার বিনিয়োগ:** ননপাবলিক স্কুল, কমিউনিটি সেন্টার, রেসিডেন্সিয়াল ক্যাম্প, এবং ডে কেয়ার কেন্দ্রগুলিতে তাদের চিন্তাধারা, বিশ্বাস, বা লক্ষ্যের কারণে হেট ক্রাইমের ঝুঁকি থাকতে পারে বলে সেগুলির নিরাপত্তা খাতে একটি 25 মিলিয়ন ডলার মূলধনী বরাদ্দ অন্তর্ভুক্ত করা হয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন